

মিঃ পালের দেখা হয় নাই চক্ষু মেলিয়া--

বিপ্লব পালের “আপনারা সোচ্চার হোন ” শিরোনামে আবেদনের প্রেক্ষিতে আমার অপরাগতার কারণ জানিয়ে আমি ছোট্ট একটা চিঠি লিখেছিলাম তাকে । তার আবেদন ও আমার চিঠি টা পাঠকের সমীপে এখানে উঠিয়ে দিচ্ছিঃ

বিপ্লব পালের আবেদনঃ

http://satrong.org/content/current/Ganga_Biplab.pdf

আমার অপরাগতার চিঠিঃ

শ্রদ্ধেয় বিপ্লব বাবু,

ধন্যবাদ আপনাকে এ ধরনের উদ্যোগের জন্য । অতীব দুঃখের সাথে আমার অপরাগতার কথা আপনাকে জানাচ্ছি । কারণগুলো নিম্নরূপ :

– আপনি কি জানেন, ভারতের কেন্দ্রীয় দপ্তরের জল সম্পদ মন্ত্রী এখনও প্রিয় বাবু? ভাল করে খোঁজ নিয়ে আমাকে জানাবেন ।

- খালেদা জিয়ার কাছে ফারাক্কার ব্যাপারে চিঠি দেবার মত ন্যূনতম রুচিবোধ আমার নেই । কারণ ? বাংলাদেশের যে কোন সচেতন মানুষকে জিজ্ঞাসা করলেই উত্তর পেয়ে যাবেন । অযথা সময় নষ্ট করবো না আমি ।

দেৱীতে হলেও এ মহতী উদ্যোগের জন্য আপনাকে আবারও ধন্যবাদ । সবিনয়ে ফারাক্কার ইতিহাস, রাজনীতি ও প্রেক্ষাপট সম্পর্কে বিস্তারিত জানার এবং জেনে নেয়ার অনুরোধ করছি । প্রিয় কিংবা খালেদার কাছে চিঠি-পত্র চালাচালি করে লাভ নেই । দরকার দু-বাংলার মানুষের সচেতনতা আর রাজনৈতিক সদিচ্ছা । প্রিয় কিংবা খালেদার ভোটের নোংরা রাজনীতি দিয়ে হবে না ।

ধন্যবাদ । ভাল থাকুন- সুস্থ থাকুন ।

ভজন সরকার

অন্টারিও, কানাডা ।

এপ্রিল ২১, ২০০৬ ।

এর উত্তরে মিঃ পাল যা বলেছেন সে চিঠির লিঙ্কটাও আমি দিয়ে দিচ্ছি পাঠকের সমীপেঃ

http://satrong.org/content/miscellaneous/SelfilludingBengalis_Biplab.pdf

এ বার পাঠকের কাছেই প্রশ্ন - মিঃ পালের ধান ভানতে শিবের গীতের ব্যাপারে ।

আমার চিঠির বিষয় বস্তুতে ছিল দুটি প্রশ্নঃ

এক, প্রিয় রঞ্জন বাবু কি এখনও জল সম্পদ মন্ত্রী আছেন যে আমরা তার কাছে চিঠি পাঠাব? কেননা, মিঃ পাল ফারাক্কার ব্যাপারে চিঠি দিচ্ছেন, কারণ তার ভাষায় – ভারতের জোট সরকার এখন পশ্চিম বংগের উপর নির্ভরশীল, জল সম্পদ মন্ত্রী একজন বাঙালী আর বিহার জল চুরি করে নিয়ে যাচ্ছে (এত দিন যে পশ্চিম বংগ জল চুরি করে বাংলাদেশের বারোটা বাজিয়ে দিয়েছে - সে ব্যাপারে মিঃ পালের কোন আপত্তি ছিল না) । প্রিয় রঞ্জন বাবু এখনও জল সম্পদ মন্ত্রী আছেন কিনা মিঃ পাল এ-ব্যাপারে নিরুত্তর । কারণ, “ দেখা হয় নাই চক্ষু মেলিয়া, ঘর হতে শুধু দুই পা ফেলিয়া..... । ”

দুই : খালেদা জিয়ার কাছে ফারাক্কার ব্যাপারে চিঠি দেয়ার মত এত বড় কৌতুক আর দ্বিতীয়টি নেই । এ যেন, বিজেপির কাছে বাবরি মসজিদের সমাধান চেয়ে আবেদনের মত । কেননা, দুক্ষেত্রেই সমাধানের আশা হাস্যোৎস্পদ । সচেতন মানুষ মাত্রই জানেন যে, খালেদার ভোটের রাজনীতি-ই ভারত বিরোধীতা আর ফারাক্কা ।

আর ফারাক্কা-ইস্যুতে ভারতের সীমাবদ্ধতা এবং নিরলঙ্ঘ্য বৈরিতার ব্যাপারে বিস্তারিত লিখেছেন জনাব ফরিদ আহমেদ

(http://satrong.org/content/current/Farakka_FaridA.pdf) । আমি এখানে তা দ্বিতীয় বার উল্লেখ করছি না ।

এর উত্তরে মিঃ পাল নিজের অজ্ঞতা ঢাকতে সাম্প্রদায়িক এবং আক্রমণাত্মক কথাবার্তা বলেছেন- যারও বিচারের ভার পাঠকের উপর-ই ছেড়ে দিচ্ছি ।

ধন্যবাদ সবাইকে ।

ভজন সরকার

এপ্রিল ২২, ২০০৬